# বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

## আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপ: ০-৭৫ ইউনিট এর খুচরা বিদ্যুৎ মূল্যহার এবং বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্বিবেচনা আদেশ, ২০২৬।

বিইআরসি পুনর্বিবেচনা আদেশ নম্বর: ২০২৬/০১

তারিখ: ০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
আইইবি ভবন (৬ষ্ঠ ও ৭ম তলা), রমনা, ঢাকা।
www.berc.org.bd

# সূচিপত্র


| অনুচ্ছেদ | বিষয়াবলী | পৃষ্ঠা |
|---|---|---|
| ১ | পটভূমি | ১ |
| ২ | বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের পুনর্বিবেচনা আবেদনের সার-সংক্ষেপ | ২ |
| ৩ | পুনর্বিবেচনা আবেদনের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি | ৩ |
| ৪ | কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ | ৫ |
| ৫ | বিদ্যুতের পাইকারি ও খুচরা মূল্যহার আদেশ পুনর্বিবেচনা আদেশ | ৫ |
| পরিশিষ্ট-‘ক’ | বিদ্যুতের সংশোধিত পাইকারি (বাল্ক) মূল্যহার, ২০২৬ | ৭ |

## আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপ: ০-৭৫ ইউনিট এর খুচরা বিদ্যুৎ মূল্যহার এবং বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্বিবেচনা আদেশ, ২০২৬।

**বিইআরসি পুনর্বিবেচনা আদেশ নম্বর: ২০২৬/০১**

**তারিখ: ০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ।**

**বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ৩৪(৬) অনুসারে লাইসেন্সিসমূহের প্রস্তাবের পরিপ্রেক্ষিতে গণশুনানিঅন্তে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশ আইন, ২০০৩ এর ধারা ২২(খ) এবং ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে ০৩ জুন ২০২৬ তারিখে বিদ্যুতের পাইকারি ও খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ করে যথাক্রমে বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২০ এবং বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২ জারী করা হয়। অতঃপর আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্বিবেচনার জন্য বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহের ০৪ জুন ২০২৬ তারিখের পুনর্বিবেচনা আবেদনের পরিপ্রেক্ষিতে অদ্য ০৪ জুন ২০২৬ খ্রিস্টাব্দ তারিখে এ আদেশ (বিইআরসি পুনর্বিবেচনা আদেশ নম্বর: ২০২৬/০১) প্রদান করা হলো।**

**১.০ পটভূমি:**

১.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পরিবর্তনের জন্য ০৩ মে ২০২৬ তারিখে এবং পাওয়ার গ্রিড বাংলাদেশ পিএলসি (পাওয়ার গ্রিড) বিদ্যুতের সঞ্চালন মূল্যহার (হুইলিং চার্জ) পরিবর্তনের জন্য ০৫ মে ২০২৬ তারিখে কমিশনে প্রস্তাব দাখিল করে। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি হিসেবে বিভিন্ন গ্রাহকশ্রেণির বিদ্যুতের খুচরা মূল্যহার পরিবর্তনের জন্য ০৩ মে ২০২৬ তারিখে বাবিউবো ও নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো), ০৪ মে ২০২৬ তারিখে ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো), ০৫ মে ২০২৬ তারিখে ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং ০৬ মে ২০২৬ তারিখে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) ও ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) কমিশনে প্রস্তাব দাখিল করে।

১.২ কমিশন বিদ্যুৎ সংস্থা/কোম্পানিসমূহের প্রস্তাবসমূহের ওপর ২০-২১ মে ২০২৬ তারিখসমূহে গণশুনানি অন্তে বিদ্যুতের উৎপাদন, ক্রয় ও আমদানি ব্যয়; সঞ্চালন ও বিতরণ ব্যয়; পাইকারি (বাল্ক) পর্যায়ে বাবিউবো-কে সরকার কর্তৃক ভর্তুকি প্রদান এবং সার্বিক অবস্থা বিবেচনায় বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ধারা ২২(খ) ও ৩৪ এ প্রদত্ত ক্ষমতাবলে বিদ্যুতের পাইকারি (বাল্ক) এবং খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ করে ০৩ জুন ২০২৬ তারিখে যথাক্রমে বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২০ এবং ২০২৬/২২ জারী করে। বিদ্যুতের খুচরা মূল্যহার পুনর্নির্ধারণ আদেশে অন্যান্য গ্রাহকশ্রেণির মূল্যহার নির্ধারণের পাশাপাশি আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এর মূল্যহার ৫.২৩ টাকা/কি.ও.ঘ এবং আবাসিক প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর মুল্যহার ৬.১৮ টাকা/কি.ও.ঘ পুনর্নির্ধারণ করা হয়।

১.৩ ০৪ জুন ২০২৬ তারিখে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই

পিএলসি (ডেসকো) এবং ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো), নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর বর্ণিত পুনর্নির্ধারিত মূল্যহার পুনর্বিবেচনার জন্য কমিশনে আবেদন করে। সেই সাথে কতিপয় বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানি বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্বিবেচনার জন্যও কমিশনে আবেদন করে।

## ২.০ বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের পুনর্বিবেচনা আবেদনের সার-সংক্ষেপ:

২.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) কমিশনের ০৩ জুন ২০২৬ তারিখের খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ আদেশে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপ (০-৭৫ ইউনিট)-এর মূল্যহার বৃদ্ধির আদেশ পুনর্বিবেচনার আবেদন করে। বাবিউবো আবেদনে উল্লেখ করে যে, আবাসিক লাইফলাইন ও প্রথম ধাপের গ্রাহকগণ প্রধানত নিম্ন আয়ের, প্রান্তিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অন্তর্গত। অন্তর্ভুক্তিমূলক উন্নয়ন, সামাজিক সুরক্ষা ও স্বল্প আয়ের জনগোষ্ঠীর কল্যাণ নিশ্চিতকরণের নীতিগত উদ্দেশ্যের সাথেও বিষয়টি সম্পৃক্ত। এ বিবেচনায় বাবিউবো আবাসিক লাইফলাইন ও প্রথম ধাপের গ্রাহকদের পূর্বের মূল্যহার বহাল রাখার জন্য আবেদন করে।

২.২ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) উল্লেখ করে যে, কমিশনের ০৩ জুন ২০২৬ তারিখের আদেশে আবাসিক গ্রাহক শ্রেণির লাইফলাইন (০-৫০ ইউনিট) ও প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর মূল্যহার বৃদ্ধি না করার সিদ্ধান্ত পুনর্বিবেচনা করা প্রয়োজন। বাপবিবো উল্লেখ করেছে যে, উক্ত দুই ধাপের গ্রাহকরা নিম্ন আয়ের ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ। তবে এ দুটি ধাপে পূর্বে অনুমোদিত মূল্যহার বহাল রাখা হলে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের প্রায় ১,৭৮০ কোটি টাকা ঘাটতি সৃষ্টি হবে। এমতাবস্থায়, বাপবিবো এর আবাসিক লাইফ লাইন ও আবাসিক প্রথম ধাপের মূল্যহার বৃদ্ধি না করা এবং ৩৩ কেভি ভোল্টেজ লেভেলে বাপবিবো এর জন্য নির্ধারিত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার ৭.৩৯৫৫ টাকা/কি.ও.ঘ. এর স্থলে ৭.০৯০০ টাকা/কি.ও.ঘ. নির্ধারণের অনুরোধ জানানো হয়।

২.৩ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি), আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর গ্রাহকরা স্বল্প আয়ের জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হওয়ায় মূল্যহার বৃদ্ধি না করে পূর্বের মূল্যহার বহাল রাখার অনুরোধ জানায়। সে সাথে উক্ত দুই ধাপের কারণে সৃষ্ট রাজস্ব ঘাটতি অন্যান্য গ্রাহক শ্রেণির মূল্যহার সমন্বয় অথবা ডিপিডিসি এর পাইকারি (বাল্ক) মূল্যহারে সমন্বয়ের অনুরোধ জানায়।

২.৪ ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) পুনর্বিবেচনা আবেদনে উল্লেখ করে যে, লাইফলাইন ও প্রথম ধাপের গ্রাহকগণ প্রধানত নিম্ন আয়ের, প্রান্তিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অন্তর্গত। এ পরিপ্রেক্ষিতে ডেসকো এর আবেদনে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) জন্য মূল্যহার বৃদ্ধির সিদ্ধান্ত পুনর্মূল্যায়নের অনুরোধ জানানো হয়েছে।

২.৫ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) উল্লেখ করে যে, কমিশনের আদেশে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর মূল্যহার বৃদ্ধি করা হয়েছে। এসকল গ্রাহকগণ প্রধানত নিম্ন আয়ের, প্রান্তিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অন্তর্গত। এ পরিপ্রেক্ষিতে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) জন্য মূল্যহার বৃদ্ধি না করে কমিশনের সিদ্ধান্ত পুনর্মূল্যায়নের অনুরোধ জানানো হয়েছে। সেসাথে ওজোপাডিকো এর আর্থিক পরিস্থিতিতি বিবেচনায় ওজোপাডিকো এর ঘাটতি পূরণে পাইকারি (বাল্ক) মূল্যহার সমন্বয় করার জন্য আবেদনে জানানো হয়েছে।

২.৬ নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) পুনর্বিবেচনা আবেদনে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর গ্রাহকরা স্বল্প আয়ের জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হওয়ায় মূল্যহার বৃদ্ধি না করে পূর্বের মূল্যহার বহাল রাখার অনুরোধ জানায়। সেসাথে নেসকো উক্ত দুই ধাপে মূল্যহার বৃদ্ধি না হলে আর্থিক স্থিতিশীলতা বজায় রাখতে নেসকো এর পাইকারি মূল্যহার সমন্বয় করার আবেদন জানানো হয়েছে।

## ৩.০ পুনর্বিবেচনা আবেদনের বিষয়ে কমিশন কর্তৃক অনুসৃত প্রক্রিয়া ও পদ্ধতি:

৩.১ বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর অধীনে প্রণীত বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন বিদ্যুৎ বিতরণ (খুচরা) ট্যারিফ প্রবিধানমালা, ২০১৬ এর প্রবিধান ১৩(৩) অনুসারে বাবিউবো, বাপবিবো, ডিপিডিসি, ডেসকো, ওজোপাডিকো এবং নেসকো এর ০৪ জুন ২০২৬ তারিখে বিদ্যুতের খুচরা মূল্যহার পুনঃনির্ধারণ সম্পর্কিত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২২, তারিখ: ০৩ জুন ২০২৬ পুনর্বিবেচনার (review) আবেদনসমূহ ০৪ জুন ২০২৬ তারিখে অনুষ্ঠিত ২৪/২০২৬ তম বিশেষ কমিশন সভায় গ্রহণ করা হয় এবং একই দিন দুপুর ০২:৩০ ঘটিকায় ভার্চুয়াল শুনানির আয়োজন করা হয়। উক্ত ভার্চুয়াল শুনানিতে কমিশনের চেয়ারম্যান ও সদস্যবৃন্দ, বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং কমিশনের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন।

৩.২ আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ: ০-৭৫ ইউনিট এর খুচরা বিদ্যুৎ মূল্যহার পুনর্বিবেচনা সংক্রান্ত ভার্চুয়াল শুনানিতে কমিশনের চেয়ারম্যান সবাইকে স্বাগত জানিয়ে শুনানির প্রেক্ষাপট বর্ণনা করেন এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহকে বক্তব্য উপস্থাপনের অনুরোধ জানান। বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ পুনর্বিবেচনা আবেদন শুনানিতে নিম্নোক্ত বক্তব্য উপস্থাপন করেন:

৩.২.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো) এর প্রতিনিধি বলেন আবাসিক লাইফলাইন ও আবাসিক প্রথম ধাপের গ্রাহকগণ প্রধানত নিম্ন আয়ের, প্রান্তিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ

জনগোষ্ঠীর অন্তর্গত। এ পরিপ্রেক্ষিতে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) জন্য মূল্যহার বৃদ্ধির সিদ্ধান্ত পুনর্বিবেচনা করে পূর্বের মূল্যহার বহাল রাখা প্রয়োজন।

৩.২.২ বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) এর প্রতিনিধি কমিশনের ০৩ জুন ২০২৬ তারিখের আদেশে আবাসিক গ্রাহক শ্রেণির লাইফলাইন (০-৫০ ইউনিট) ও প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর মূল্যহার বৃদ্ধি না করা এবং এ দুটি ধাপে পূর্বে অনুমোদিত মূল্যহার বহাল রাখা হলে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের ঘাটতি পূরণে বাপবিবো এর জন্য নির্ধারিত বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার ৭.৩৯৫৫ টাকা/কি.ও.ঘ. এর স্থলে ৭.০৯০০ টাকা/কি.ও.ঘ. নির্ধারণের অনুরোধ জানান।

৩.২.৩ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি) এর প্রতিনিধি আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর গ্রাহকরা স্বল্প আয়ের জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত হওয়ায় মূল্যহার বৃদ্ধি না করে পূর্বের মূল্যহার বহাল রাখার অনুরোধ জানায়। সেসাথে উক্ত দুই ধাপের কারণে সৃষ্ট রাজস্ব ঘাটতি অন্যান্য গ্রাহক শ্রেণির মূল্যহার সমন্বয় অথবা ডিপিডিসি এর পাইকারি (বাল্ক) মূল্যহারে সমন্বয়ের অনুরোধ জানায়।

৩.২.৪ ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই কোম্পানি লিমিটেড (ডেসকো) এর প্রতিনিধি উল্লেখ করে যে, লাইফলাইন ও প্রথম ধাপের গ্রাহকগণ প্রধানত নিম্ন আয়ের, প্রান্তিক ও সামাজিকভাবে অপেক্ষাকৃত ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর অন্তর্গত। এ পরিপ্রেক্ষিতে আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) জন্য মূল্যহার বৃদ্ধির সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানান।

৩.২.৫ ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এর প্রতিনিধি আবাসিক লাইফলাইন (০–৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০–৭৫ ইউনিট) জন্য মূল্যহার বৃদ্ধি না করে কমিশনের সিদ্ধান্ত পুনর্বিবেচনার অনুরোধ জানান এবং সে অনুযায়ী ওজোপাডিকো এর আর্থিক পরিস্থিতিতি বিবেচনায় ওজোপাডিকো এর ঘাটতি পাইকারি (বাল্ক) মূল্যহারের সাথে সমন্বয় করার অনুরোধ জানান।

৩.২.৬ নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) এর প্রতিনিধি আবাসিক লাইফলাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর গ্রাহকরা স্বল্প আয়ের জনগোষ্ঠীর অন্তর্ভুক্ত উল্লেখপূর্বক মূল্যহার বৃদ্ধি না করে পূর্বের মূল্যহার বহাল রাখার অনুরোধ জানায়। সেসাথে উক্ত দুই ধাপে পুর্বের মূল্যহার বহাল রাখার প্রভাব তাদের পাইকারি মূল্যহারে যৌক্তিকভাবে প্রতিফলিত হওয়া প্রয়োজন মর্মে উল্লেখ করে।

৩.২.৭ সকল পক্ষের বক্তব্য উপস্থাপনের পর কমিশনের চেয়ারম্যান সকলকে ধন্যবাদ জানিয়ে শুনানির সমাপ্তি ঘোষণা করেন।

## ৪.০ কমিশনের পর্যালোচনা ও বিশ্লেষণ:

৪.১ স্বল্প আয়ের জনগোষ্ঠি হিসেবে আবাসিক লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং আবাসিক প্রথম ধাপের (০-৭৫ ইউনিট) গ্রাহকগণের পুর্বের মূল্যহার বহাল রাখার বিষয়ে শুনানিতে বক্তব্য এসেছে, যা এসকল গ্রাহকের উপর এ পর্যায়ে বিদ্যুতের বর্ধিত মূল্যহারের প্রভাব নিরসনে বিবেচনা করা যায়।

৪.২ আবাসিক লাইফলাইন এবং আবাসিক প্রথম ধাপের (০-৭৫) গ্রাহকগণের ক্ষেত্রে বিল মাস জুন ২০২৬ এর পূর্বের মূল্যহার বহাল রাখার পাশাপাশি উক্ত কারণে সৃষ্ট ঘাটতি পূরণে পাইকারি (বাল্ক) মূল্যহার সমন্বয়ের বিষয়ে শুনানিতে মতামত এসেছে। এক্ষেত্রে আবাসিক লাইফ লাইন এবং আবাসিক প্রথম ধাপের গ্রাহকের ক্ষেত্রে বিল মাস জুন ২০২৬ এর পূর্বের খুচরা মূল্যহার বহাল বিবেচনায় বিতরণ পর্যায়ে রাজস্ব ঘাটতি হ্রাস/নিরসনে কমিশনের ০৩ জুন ২০২৬ তারিখের বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২০ এর মাধ্যমে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ভোল্টেজ লেভেলভিত্তিক পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্বিবেচনাপূর্বক হ্রাস করা প্রয়োজন। তবে এর ফলে বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার পুনর্নির্ধারণ করে ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২০-এ বিবেচিত বাবিউবো-কে সরকার কর্তৃক প্রদেয় ভর্তুকির পরিমাণ বৃদ্ধি পেতে পারে।

৪.৩ বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের বিতরণ ব্যয় যৌক্তিকীকরণে ব্যয় সাশ্রয়ের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা গ্রহণ ও তা বাস্তবায়ন জরুরী।

## ৫.০ বিদ্যুতের পাইকারি (বাল্ক) ও খুচরা মূল্যহার পুনর্বিবেচনা আদেশ:

সার্বিক বিষয়সমূহ পর্যালোচনা ও বিশ্লেষণান্তে কমিশনের আদেশ হচ্ছে যে:—

৫.১ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (বাবিউবো), বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি (ডিপিডিসি), ঢাকা ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (ডেসকো), ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ওজোপাডিকো) এবং নর্দান ইলেক্ট্রিসিটি সাপ্লাই পিএলসি (নেসকো) এর আবাসিক গ্রাহকশ্রেণির লাইফ লাইন (০-৫০ ইউনিট) এবং প্রথম ধাপ (০-৭৫ ইউনিট) এর জন্য ০৩ জুন ২০২৬ তারিখের আদেশের মাধ্যমে পুনর্নির্ধারিত বর্ধিত মূল্যহার কার্যকর না করে পূর্বের মূল্যহার বহাল রাখা হলো।

৫.২ সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির আবাসিক গ্রাহকশ্রেণির লাইফ লাইন (০-৫০ ইউনিট) এর এনার্জি রেট/চার্জ ৪.৬৩ টাকা/কি.ও.ঘ এবং আবাসিক প্রথম ধাপের (০-৭৫ ইউনিট) এনার্জি রেট/চার্জ ৫.২৬ টাকা/কি.ও.ঘ. বিল মাস জুন ২০২৬ থেকে বহাল রাখা হলো।

৫.৩ আবাসিক লাইফ লাইন এবং আবাসিক প্রথম ধাপে বিল মাস জুন ২০২৬ এর পূর্বের মূল্যহার বহাল বিবেচনায় খুচরা বিদ্যুৎ মূল্যহার ভারিত গড়ে বাবিউবো ১১.১৪ টাকা/কি.ও.ঘ., বাপবিবো ৯.৬৪ টাকা/কি.ও.ঘ., ডিপিডিসি ১১.৮৯ টাকা/কি.ও.ঘ., ডেসকো ১২.০৫ টাকা/কি.ও.ঘ., ওজোপাডিকো ১০.৪৪ টাকা/কি.ও.ঘ., এবং নেসকো ১০.৪৫ টাকা/কি.ও.ঘ. পুনর্নির্ধারণ করা হলো।

৫.৪ আবাসিক লাইফ লাইন এবং আবাসিক প্রথম ধাপে বিল মাস জুন ২০২৬ এর পূর্বের মূল্যহার বহাল বিবেচনায় বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের রাজস্ব ঘাটতি হ্রাস/নিরসণে বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার পুনর্নির্ধারণ করা হলো। পুনর্নির্ধারিত পাইকারি (বাল্ক) বিদ্যুৎ মূল্যহার এবং শর্তাবলী এ আদেশের অংশ হিসেবে পরিশিষ্ট-'ক' এ সংযুক্ত করা হলো।

৫.৫ বিদ্যুৎ বিতরণ সংস্থা ও কোম্পানিসমূহ উহাদের বিতরণ ব্যয় যৌক্তিকীকরণে সময়াবদ্ধ ব্যয় সাশ্রয়ী কর্মপরিকল্পনা গ্রহণ করবে ও তা বাস্তবায়ন করবে।

৫.৬ বিদ্যুতের পাইকারি (বাল্ক) ও খুচরা মূল্যহার পুনর্বিবেচনা আদেশ **বিল মাস জুন ২০২৬** থেকে কার্যকর হবে।

৫.৭ ০৩ জুন ২০২৬ তারিখে জারীকৃত বিইআরসি আদেশ নম্বর: ২০২৬/২০ এবং ২০২৬/২২ এর অন্যান্য আদেশ ও নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
**সদস্য**

**সৈয়দা সুলতানা রাজিয়া**
**সদস্য**

**মোঃ মিজানুর রহমান**
**সদস্য**

**মোঃ আব্দুর রাজ্জাক**
**সদস্য**

**জালাল আহমেদ**
**চেয়ারম্যান**

পরিশিষ্ট-'ক'

## বিদ্যুতের সংশোধিত পাইকারি (বাল্ক) মুল্যহার, ২০২৬

| বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহ | | বিদ্যুতের পাইকারি (বাল্ক) মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---|---|---|
| ১ | বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর বিতরণ অঞ্চলসমূহ | |
| | ২৩০ কেভি | ১০.০৪৬০ |
| | ১৩২ কেভি | ১০.০৭১৫ |
| | ৩৩ কেভি | ৯.৪১১৫ |
| ২ | বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ | |
| | ২৩০ কেভি | ১০.০৪৬০ |
| | ১৩২ কেভি | ১০.০৭১৫ |
| | ৩৩ কেভি | ৭.১৫৩০ |
| ৩ | ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | |
| | ২৩০ কেভি | ১০.০৪৬০ |
| | ১৩২ কেভি | ১০.০৭১৫ |
| | ৩৩ কেভি | ১০.০৯৫০ |
| ৪ | ঢাকা ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি | |
| | ২৩০ কেভি | ১০.০৪৬০ |
| | ১৩২ কেভি | ১০.০৭১৫ |
| | ৩৩ কেভি | ১০.০৯৫০ |
| ৫ | ওয়েস্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড | |
| | ২৩০ কেভি | ১০.০৪৬০ |
| | ১৩২ কেভি | ১০.০৭১৫ |
| | ৩৩ কেভি | ৮.৫৩২৫ |
| ৬ | নর্দান ইলেকট্রিসিটি সাপ্লাই পিএলসি | |
| | ২৩০ কেভি | ১০.০৪৬০ |
| | ১৩২ কেভি | ১০.০৭১৫ |
| | ৩৩ কেভি | ৮.৩২২৫ |

২। **শর্তাবলি:**

(ক) বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানিসমূহের ২৩০, ১৩২ ও ৩৩ কেভি বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পাওয়ার ফ্যাক্টর (পিএফ) ০.৯০ ল্যাগ এর কম রেকর্ড হলে নিম্নবর্ণিত বিদ্যমান হারে সারচার্জ প্রযোজ্য হবে:

(১) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৯০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮৮ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ০.৫০% (শূন্য দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(২) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮৮ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৮০ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.০০% (এক শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(৩) বিদ্যুৎ সরবরাহ পয়েন্টে মাসিক গড় পিএফ ০.৮০ ল্যাগ এর অব্যবহিত নিম্ন থেকে পিএফ ০.৭৫ ল্যাগ পর্যন্ত প্রতি ০.০১ পিএফ কমের জন্য এনার্জি চার্জের ১.৫০% (এক দশমিক পাঁচ শূন্য শতাংশ) হারে সারচার্জ প্রযোজ্য হবে।

(খ) বিলম্বে পাইকারি বিদ্যুৎ বিল পরিশোধে সকল বিদ্যুৎ বিতরণ সংস্থা/কোম্পানির ক্ষেত্রে বিলম্ব-পরিশোধ মাশুল মাসে ১.০০% (এক শতাংশ) সরল হারে অপরিবর্তিত থাকবে।

(গ) পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের আর্থিক, ভৌগোলিক ও অন্যান্য পরিপ্রেক্ষিত বিবেচনা করে কমিশন কর্তৃক অনুসৃত পদ্ধতিতে পল্লী বিদ্যুৎ সমিতিসমূহকে ব্রেক-ইভেন (না লাভ-না ক্ষতি) এ পরিচালনার নিমিত্ত পল্লী বিদ্যুৎ সমিতিসমূহের নীট রাজস্ব চাহিদা নিরূপণপূর্বক বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (বাপবিবো) কমিশনের পূর্বানুমোদন গ্রহণ করত প্রত্যেক পল্লী বিদ্যুৎ সমিতি এর ভিন্ন ভিন্ন পাইকারি (বাল্ক) মূল্যহার স্থির করবে, যার ভারিত গড় কমিশন কর্তৃক বাপবিবো এর জন্য নির্ধারিত ভারিত গড় পাইকারি (বাল্ক) মূল্যহারের সমান হবে। অর্থবছর শেষে প্রকৃত তথ্যের ভিত্তিতে পল্লী বিদ্যুৎ সমিতি এর আর্থিক অবস্থা বিবেচনায় কমিশনের পূর্বানুমোদনক্রমে উক্ত মূল্যহার পুনঃস্থির (Refix) করা যাবে।

৩। বিদ্যুতের সংশোধিত পাইকারি (বাল্ক) মূল্যহার এবং এ সংক্রান্ত শর্তাবলী **বিল মাস জুন ২০২৬** হতে কার্যকর হবে।

৪। পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত জারীকৃত এ আদেশ বলবৎ থাকবে।

**ব্রি: জেনারেল মোঃ শাহিদ সারওয়ার (অব:)**
**সদস্য**

**সৈয়দা সুলতানা রাজিয়া**
**সদস্য**

**মোঃ মিজানুর রহমান**
**সদস্য**

**মোঃ আব্দুর রাজ্জাক**
**সদস্য**

**জালাল আহমেদ**
**চেয়ারম্যান**